

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাসাইল, টাংগাইল।
<http://basail.tangail.gov.bd>


স্মারক নং- ০৫.৩০.৯৩০৯.০০০.১১.০১০.১৭- ৫৫২

তারিখ : ০৩ অগ্রহায়ণ, ১৪২৫ বাংলা
১৭ নভেম্বর., ২০১৮ খ্রি:

বিষয় : একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকার বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হয়েছে। নির্বাচনী এলাকার মধ্যে সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরন বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি সামগ্রী ও নির্বাচনী ক্যাম্প থাকলে সেগুলো অপসারণ করার জন্য সম্ভাব্য প্রার্থীগণকে আগামী ১৮ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২:০০ টার পূর্বে নিজ খরচে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশন নির্দেশ প্রদান করেছেন।

এমতাবস্থায়, প্রার্থীর নাম ও ছবিযুক্ত পোস্টার, স্টিকার, ব্যানার, বিলবোর্ড, লিফলেট ও বিদ্যমান সকল নির্বাচনি প্রচারণা সামগ্রী-আবশ্যিকভাবে আগামী ১৮ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২:০০ টার পূর্বে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শামছুন নাহার স্বপ্না)

উপজেলা নির্বাহী অফিসার
বাসাইল, টাংগাইল।

ও
সহকারী রিটার্নিং অফিসার
জাতীয় সংসদের ১৩৭, টাঙ্গাইল-৮
একাদশ জাতীয় সংসদ নির্বাচন


০১। মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।

০২। চেয়ারম্যান,.....ইউপি (সকল), বাসাইল, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩০৯.০০০.১১.০১০.১৭-

তারিখ : ০৩ অগ্রহায়ণ, ১৪২৫ বাংলা
১৭ নভেম্বর., ২০১৮ খ্রি:

০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল ও রিটার্নিং অফিসার জাতীয় সংসদের ১৩০-১৩৭ আসন, একাদশ জাতীয় সংসদ নির্বাচন।


উপজেলা নির্বাহী অফিসার
বাসাইল, টাঙ্গাইল।

ও
সহকারী রিটার্নিং অফিসার
জাতীয় সংসদের ১৩৭, টাঙ্গাইল-৮
একাদশ জাতীয় সংসদ নির্বাচন।